

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

বিশেষ আদেশ নং-১৩/মূসক/২০১৬-যেহেতু, বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ কর্তৃক প্রদত্ত সেবাকে ৩০ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৪ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের জারিকৃত বিশেষ আদেশ নং-১২/মূসক/২০১৫ এর মাধ্যমে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছিল; এবং

যেহেতু ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপনের (এস.আর.ও. নং-১৭৬-আইন/২০১৬/৭৫২-মূসক তাং-০২.০৬.২০১৬ খ্রি:) সংশ্লিষ্ট টেবিলে (সেবা পর্যায়ে) উক্ত সেবাটিকে অন্তর্ভুক্ত করা হইয়াছে;

সেহেতু, উল্লিখিত বিশেষ আদেশটির আর কোন প্রয়োজনীয়তা না থাকায় মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার বিশেষ আদেশ নং- ১২/মূসক/২০১৫ তাং ১৪.০৯.২০১৫ খ্রি: এতদ্বারা বাতিল করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শামসুল আরেফিন খান)  
দ্বিতীয় সচিব (মূসক অব্যাহতি)